



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ এপ্রিল ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

### ইউপিডিএফ নেতা রিকো চাকমাকে আটকের নিন্দা ও প্রতিবাদ, নিঃশর্ত মুক্তির দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা আজ ২৩ এপ্রিল ২০১৫ বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে ইউপিডিএফের খাগড়াছড়ি জেলা সংগঠক রিকো চাকমাকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তাঁকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি করেছেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, আগামী ২৪ এপ্রিল অনুষ্ঠিতব্য বার কাউন্সিল পরীক্ষায় অংশগ্রহণের জন্য রিকো চাকমা গতকাল বুধবার (২২ এপ্রিল) রাতের গাড়িতে করে খাগড়াছড়ি থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হন। যাবার পথে গাড়িটি গুইমারায় পৌঁছলে একদল সেনাবাহিনী তাকে গাড়ি থেকে নামিয়ে আটক করে নিয়ে যায়। এখনো পর্যন্ত তাঁকে ছেড়ে দেওয়া হয়নি।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলনকে বাধাগ্রস্ত করার জন্য সরকার সেনাবাহিনী ও পুলিশকে লেলিয়ে দিয়ে নেতা-কর্মীদের ধরপাকড়, মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নেওয়া ১১টি অগণতান্ত্রিক সিদ্ধান্তের মাধ্যমে সরকার পার্বত্য চট্টগ্রামকে একটি বিশেষ মহলের কাছে পরিচালনার দায়িত্ব দিয়েছে। তারাই ফ্যাসিস্ট কায়দায় ইউপিডিএফ সহ সাধারণ জনগণের উপর নিপীড়ন-নির্যাতন চালিয়ে যাচ্ছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা দৃঢ়তার সাথে বলেন, যতই দমন-পীড়ন চালানো হোক না কেন, ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলনকে কিছুতেই স্তব্ধ করা যাবে না। পার্বত্য চট্টগ্রামের মুক্তিকামী জনগণকে সাথে নিয়ে ইউপিডিএফ তার লক্ষ্য অর্জনে সকল পরিস্থিতি মোকাবিলা করে আন্দোলন চালিয়ে যেতে বদ্ধ পরিকর।

বিবৃতিতে তিনি অবিলম্বে রিকো চাকমাকে নিঃশর্ত মুক্তি, অন্যান্য ধর-পাকড় ও নিপীড়ন-নির্যাতন বন্ধ করা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১১টি অগণতান্ত্রিক সিদ্ধান্ত বাতিল এবং সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।